দৈনিক সংবাদ

তারিখ ... MAY 9 1999

পৃষ্ঠা 2 কলাম ৫

224

# প্রাথমিক শিক্ষকদের ১২ দফা মানার দাবি

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্যপরিষদ নেতৃবৃন্দ অবিলম্বে তাদের ১২ দফা দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন।

শনিবার সকালে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তারা এ আহ্বান জানান।

সাংবাদিক সম্মেলনে পরিষদের সভাপতি সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক সুলতান মিয়া, সহ-সভাপতি মোঃ গিয়াস উদ্দিন, যুগ্ম সম্পাদক নাসিরউদ্দিন আহমেদ, দপ্তর সম্পাদক কামাল উদ্দিন দেওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন।

নেতৃবৃন্দ জানান, দাবি মানা না হলে তারা প্রাথমিক শিক্ষা প্রশাসনের সাথে পর্যায়ক্রমে অসহযোগিতার আন্দোলনে নামবেন। তাদের আন্দোলন কর্মসূচিতে রয়েছে ৩১শে মে পর্যন্ত প্রেষণে নিয়োজিত কলেজ শিক্ষকদের মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় অসহযোগিতা, ১লা জুন থেকে উপ-পরিচালকদের সাথে সকল যোগাযোগ স্থগিত রাখা এবং ১লা জুলাই থেকে অনির্দিষ্টকালের জন্য প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনাকে অচল করে দেয়া।